



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

### প্রেস রিলিজ

তারিখঃ ১৪.১২.২০১৭ খ্রি:

## বরিশাল বিশ্ববিদ্যালয়ে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

১৪ ডিসেম্বর ১৯৭১ বাঙালীর বিজয় যখন সুনিশ্চিত ঠিক তখনই পাক হানাদার বাহিনী ও তাদের এ দেশীয় দোসরো বাঙালী জাতিকে মেধা শূন্য ও নেতৃত্বশূন্য করার লক্ষ্যে কবি, সাহিত্যিক, বুদ্ধিজীবী, শিক্ষক, সাংবাদিক, ডাক্তার ও বিভিন্ন শ্রেণি পেশার মানুষের ওপর চালায় বর্বরোচিত ও পৈচাশিক হত্যাকান্ত। আর এই দিনটি বাঙালী জাতির ইতিহাসে একটি অন্যতম বেদনাঘন দিন। বরাবরের মতোই এ দিবসটিকে স্মরণ করে রাখতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে শহীদ বুদ্ধিজীবী দিবস ২০১৭। জাতির এ সূর্যসন্তানদের আত্মত্যাগকে স্মরনীয় করে রাখতে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান এর নেতৃত্বে কালো ব্যাজ ধারন করে শোক র্যালি সহকারে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবার সকাল ৯ ঘটিকায় শহীদদের স্মরণে ববির কেন্দ্রীয় শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এ সময় ট্রেজারার মহোদয়ের সাথে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের সম্মানিত ডিন, রেজিস্ট্রার, প্রেস্টের, প্রভোস্টবৃন্দ, বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমণ্ডলী, পরিচালকবৃন্দ, দণ্ডের প্রধানগণ, শিক্ষার্থীবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। এরপর পর্যায়ক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, সেন্টার কম্বান্ডার'স ফোরাম মুক্তিযুদ্ধ-৭১ ববি শাখা, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বিভিন্ন বিভাগ পুস্পস্তবক অর্পণে অংশ নেন। দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে সকাল ১০ ঘটিকায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। শিক্ষক সমিতির বর্তমান সভাপতি মার্কেটিং বিভাগের চেয়ারম্যান ফাতেমা-তুজ-জোহরা নদীর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন বিশেষ অতিথি জীববিজ্ঞান অনুষদের ডিন মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. মো. হাসিনুর রহমান, শিক্ষক সমিতির নব-নির্বাচিত সভাপতি শেরে বাংলা হলের প্রভোস্ট ফিল্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের চেয়ারম্যান মোঃ ইব্রাহীম মোল্লা, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান সাখাওয়াত হোসেন, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক তানভীর কায়সার, সহকারী অধ্যাপক মোঃ আরিফ হোসেন, প্রভাষক মিজানুর রহমান, সমাজবিজ্ঞান বিভাগের প্রভাষক মোঃ ওহিদুর জামান, বাংলা বিভাগের প্রভাষক মোহসিনা হোসাইন, আইন বিভাগের প্রভাষক সরদার কায়সার আহমেদ, লোক প্রশাসন বিভাগের প্রভাষক মোঃ সিরাজিস সাদিক। সভাটি সঞ্চালনা করেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আবু জাফর মিয়া।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফরাসুল মাহমুদ রূমি  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
জনসংযোগ অফিস